

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০৯.০১২.২৪-৩৪৯।—০৫ জুন ২০২৪ তারিখে সংযুক্ত তালিকায় উল্লিখিত ৪র্থ ধাপে ৬ষ্ঠ উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে (উপজেলা পরিষদের তালিকা সংযুক্ত)। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৪ জুন ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৫ জুন ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে:

(১) ট্যাক্সি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক

০২। সে সঙ্গে ০৩ জুন ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৬ জুন ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটরসাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। নির্বাচনি এলাকায় আইনশৃঙ্খলা রক্ষা, যানজট নিরসন ইত্যাদি প্রয়োজনে বাস্তবতার নিরীখে ও স্থানীয় বিবেচনায় উল্লিখিত যানবাহন ছাড়াও উক্তরূপে যে কোন যানবাহন চলাচলের উপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিষেধাজ্ঞা আরোপ করতে পারবে। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

(১৯০৮৭)

মূল্য : টাকা ৮.০০

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক'কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন
সহকারী সচিব।

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

(০৫ জুন ২০২৪ তারিখে যে সকল উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে তার বিবরণী)
(মন্তব্য কলামে 'EVM' চিহ্নিত উপজেলাসমূহে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে এবং
বাকি উপজেলাসমূহে ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে)

তফসিল

ক্রম	বিভাগ	জেলা	উপজেলা	মন্তব্য
১.	রংপুর	১. দিনাজপুর	১. ফুলবাড়ী	
			২. পার্বতীপুর	
			৩. নবাবগঞ্জ	
		২. রংপুর	৪. তারাগঞ্জ	
			৫. বদরগঞ্জ	
২.	রাজশাহী	৩. বগুড়া	৬. নন্দীগ্রাম	
			৭. শেরপুর	
			৮. ধুনট	
		৪. নওগাঁ	৯. নওগাঁ সদর	
			১০. মান্দা	
			১১. মহাদেবপুর	
		৫. রাজশাহী	১২. চারঘাট	
			১৩. বাঘা	
		৬. সিরাজগঞ্জ	১৪. কামারখন্দ	EVM
			১৫. রায়গঞ্জ	EVM
৩.	খুলনা	৭. খুলনা	১৬. রুপসা	
			১৭. দাকোপ	
			১৮. বটিয়াঘাটা	
৪.	বরিশাল	৮. বরিশাল	১৯. বারুগঞ্জ	
			২০. উজিরপুর	
			২১. বানারীপাড়া	
		৯. পটুয়াখালী	২২. কলাপাড়া	
			২৩. রাংগাবালী	
		১০. ভোলা	২৪. মনপুরা	
			২৫. চরফ্যাশন	
		১১. বরগুনা	২৬. আমতলী	
২৭. তালতলী				
৫.	ঢাকা	১২. ফরিদপুর	২৮. আলফাডাঙ্গা	
			২৯. বোয়ালমারী	

ক্রম	বিভাগ	জেলা	উপজেলা	মন্তব্য
	ঢাকা	১৩. টাঙ্গাইল	৩০. মির্জাপুর	
			৩১. বাসাইল	
			৩২. সখিপুর	
			৩৩. গোপালপুর	
		১৪. কিশোরগঞ্জ	৩৪. বাজিতপুর	
			৩৫. কুলিয়ারচর	
৩৬. ভৈরব				
৬.	ময়মনসিংহ	১৫. ময়মনসিংহ	৩৭. ভালুকা	
			৩৮. গফরগাঁও	
			৩৯. নান্দাইল	
		১৬. নেত্রকোনা	৪০. কেন্দুয়া	
		১৭. জামালপুর	৪১. সরিষাবাড়ী	
৭.	সিলেট	১৮. সুনামগঞ্জ	৪২. শান্তিগঞ্জ	
			৪৩. সুনামগঞ্জ	
			৪৪. মধ্যনগর	
		১৯. সিলেট	৪৫. জকিগঞ্জ	
			৪৬. কানাইঘাট	
		২০. হবিগঞ্জ	৪৭. চুনারুঘাট	
৪৮. মাধবপুর				
৮.	চট্টগ্রাম	২১. ব্রাহ্মণবাড়িয়া	৪৯. নবীনগর	
			৫০. ব্রাহ্মণবাড়িয়া সদর	
			৫১. বিজয়নগর	
		২. কুমিল্লা	৫২. হোমনা	
			৫৩. চান্দিনা	
			৫৪. চৌদ্দগ্রাম	
			৫৫. নাজলকোট	
		২৩. ফেনী	৫৬. ছাগলনাইয়া	
		২৪. চট্টগ্রাম	৫৭. বাঁশখালী	
			৫৮. লোহাগাড়া	
মোট-		২৪	৫৮	

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd